গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সেনবাগ, নোয়াখালী

স্মারক নং-০০.৪২.৭৫৮০.০০০.০৪.০০৬.২২-১৭ তারিখঃ১৬ জানুয়ারী, ২০২৩ খ্রি.

**সরকারি খাস পুকুর ইজারার দরপত্র/আবেদনপত্র আহ্বান বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিবন্ধনকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/নিবন্ধনকৃত মৎস্য চাষে সম্পৃক্ত সমবায় সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ইজারার জন্য সকল আবেদন অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ মোতাবেক ২০(বিশ) একরের নিম্নে সেনবাগ উপজেলাধীন ইজারাযোগ্য (অনুমোদিত তালিকায় বর্ণিত) বদ্ধ সরকারি জলমহাল/খাসপুকুর বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী এর কার্যালয় হতে জানা যাবে।

**১৪৩১-১৪৩৩ বাংলা সনে ইজারাযোগ্য জলমহালের তালিকা**

| ক্র. নং | জলমহালের নাম, অবস্থান ও আয়তন | সরকারি ইজারা মূল্য ১৪৩১-১৪৩৩ বাংলা সন (তিন বৎসর) | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | গোরকাটা খাস পুকুর<br>৫৭ নং গোরকাটা মৌজার, ২৫২২ দাগে ০.১৩০০ একর, ২৫২৩ দাগে ০.১৫০০একর ,২৫২৫ দাগে ০.২৬০০ একর একুনে ০.৫৪০০ একর | ১৩,৮০০/- | |

**অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ ও সময়**

| ক্র. নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | নিম্নোক্ত ওয়েবসাইট থেকে অনলাইনে আবেদন করতে হবে<br>jm.lams.gov.bd | ০৯ মাঘ-০৩ ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ<br>২৩ জানুয়ারি -১৬ফেব্রুয়ারি ২০২৪খ্রি. |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, ২০% হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূলকপি ও আবেদন ফি বাবদ প্রদত্ত ৫০০/-(পাঁচশত) টাকার বিডি/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | ০৫- ০৭ ফাল্গুন ১৪৩০বঙ্গাব্দ<br>১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪খ্রি. |
| ০৩ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক যাচাই বাছাই | ০৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ<br>২১ ফেব্রুয়ারি ২০২৪খ্রি. |

**অনলাইনে যে সকল ফাইল সংযুক্ত করতে হবে**

| | |
|---|---|
| ০১ | উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (প্রকল্প ছক) (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০২ | মৎস্যজীবী সমবায় সমিতির নিবন্ধন সনদ (রেজিস্ট্রেশন) এর সত্যায়িত কপি |
| ০৩ | সমিতির সকল সদস্যের নাম, ঠিকানা ও ছবি |
| ০৪ | সমিতির সদস্যদের জাতীয় পরিচয়পত্র |
| ০৫ | প্রত্যেক সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন পত্র |
| ০৬ | সমিতির নিকট সরকারি পাওনা এবং সমিতির বিরুদ্ধে কোন সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসক কর্তৃক প্রত্যয়ন পত্র |
| ০৭ | সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এ মর্মে অংগীকারনামা |
| ০৮ | উপজেলা নির্বাহী অফিসারকে প্রদেয় জামানত বাবদ ব্যাংক ড্রাফট পে-অর্ডার এর কপি। |
| ০৯ | মৎস্যজীবী পরিচয়পত্র (এফআইডি কার্ড) (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১০ | সমিতির গঠণতন্ত্র |
| ১১ | সমিতির সভার কার্যবিবরণী |
| ১২ | ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (ব্যাংক'স রুলস অনুসারে) |
| ১৩ | অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ১৪ | বিবিধ তথ্যাদি |

**শর্তাবলী:**

০১। নির্দিষ্ট জলমহালের ক্ষেত্রে নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমিতি বা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত কেবল মাত্র সে সকল সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবী নহেন এমন কোন সদস্য থাকেন, তাহলে সে সমিতি জলমহাল ইজারা বন্দোবস্ত অযোগ্য বিবেচিত হবেন।

০২। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন না পাওয়া গেলে সেক্ষেত্রে পার্শ্ববর্তী উপজেলা মৎস্যজীবী সংগঠন/সমিতিকে বন্দোবস্ত/ ইজারা প্রদানের জন্য বিবেচনা করা যাবে।

০৩। ২০.০০ একর পর্যন্ত জলমহাল/পুকুর ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবী সমবায় সমিতি না পাওয়া গেলে, সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের পার্শ্বের নিকটবর্তী বসবাসরত বেকার, মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/যুব মহিলা/বিধবা ও স্বামী পরিত্যক্তা/আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য ও দরিদ্র এবং অসচ্ছল ব্যক্তি সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারার জন্য যোগ্য বিবেচিত হতে পারেন।

৪। সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবি, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহাল ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন এমন অঙ্গীকারনামা অনলাইনে আবেদনের সাথে যুক্ত করতে হবে।

৫। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ অনুযায়ী জামানত হিসেবে ইজারা মূল্যের ২০% ও আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (মূল কপি) (সোনালী ব্যাংক অথবা যেকোন তফসিল ব্যাংক হতে) উপজেলা নির্বাহী অফিসার, সেনবাগ, নোয়াখালী বরাবর আবেদনের প্রিন্টেড কপির সঙ্গে সংযুক্ত করে দাখিল করতে হবে। ইজারা দর অনুমোদিত না হলে জামানত হিসেবে দাখিলকৃত ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরতযোগ্য।

৬। আবেদনপত্রে সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক/সদস্যদের ছবি, এনআইডি ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে (অনলাইনে প্রদত্ত ফরম্যাট অনুযায়ী)।

৭। দাখিলকৃত দর অনুমোদিত হলে বিধি মোতাবেক ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

৮। সীলমোহরকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

৯। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

১০। প্রতিটি পুকুরের/জলমহালের জন্য আলাদাভাবে আবেদন করতে হবে।

১১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর যাবতীয় শর্তাবলী এবং অনলাইনে প্রদত্ত চাহিত তথ্যাদি অনুযায়ী কাগজপত্র দাখিল করতে হবে।

১২। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোনভাবেই পুকুরের আকার পরিবর্তন/পরিবর্ধন/পুকুরপাড়ে অবস্থিত গাছ কর্তন কিংবা পুকুরের পানি অপসারণ করা যাবে না।

১৩। বাংলা ১৪৩১ হতে ১৪৩৩ সন পর্যন্ত মেয়াদে ইজারাযোগ্য অনুমোদিত পুকুরের তালিকা উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) সেনবাগ, নোয়াখালী এর কার্যালয়ের নোটিশ বোর্ডে অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

১৪। পুকুরের বাস্তব অবস্থা সরেজমিনে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন ওজর/আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৫। জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর শর্ত মোতাবেক কোন সমিতি ০২ (দুইটি)র বেশি পুকুর ইজারা গ্রহণ করতে পারবে না। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারার সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে।

১৬। ইজারা বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত কোন পুকুরের/জলমহালের মালিকানা নিয়ে জটিলতা থাকলে কিংবা আদালতের কোন নিষেধাজ্ঞা থাকলে কর্তৃপক্ষ ইজারা কার্যক্রম বাতিল/স্থগিত করতে পারবেন অথবা আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সিদ্ধান্ত নিতে পারবেন।

১৭। ইজারাকৃত পুকুরের/জলমহালে মা মাছ নিধন করা যাবে না।

১৮। ইজারা দেয়া কোন পুকুর/জলমহাল ভুলক্রমে তালিকায় অন্তর্ভুক্ত হলে তা বাদ যাবে।

১৯। খনন/সংস্কার চলমান পুকুরের/জলমহালের ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০। ইজরাকৃত পুকুর অন্য কারো নিকট সাব-লিজ বা অন্য কোনভাবে মাছ চাষের জন্য হস্তান্তর করা যাবে না।

২১। জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর শর্তাবলী, অনলাইনে আবেদন গ্রহণ সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপনের শর্তাবলী ও জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় শর্তাবলী যা এখানে উল্লিখিত হয় নাই তাহাও এই ইজারার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২২। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদনপত্র অথবা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫/০১/২৪

জিসান বিন মাজেদ
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা জলহাল ব্যবস্থাপনা কমিটি
সেনবাগ, নোয়াখালী

স্মারক নং-০০.৪২.৭৫৮০.০০০.০৪.০০৬.২২- ৯৭ তারিখঃ ১৬ জানুয়ারী, ২০২৪ খ্রি.

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে**

১। জেলা প্রশাসক, নোয়াখালী
২। পুলিশ সুপার, নোয়াখালী
৩। সিভিল সার্জন, নোয়াখালী
৪। অতিরিক্তি জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী
৫। চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, নোয়াখালী
৬। সহকারী কমিশনার (ভূমি), সেনবাগ, নোয়াখালী
৭। মেয়র, সেনবাগ পৌরসভা, সেনবাগ, নোয়াখালী
৮। উপজেলা ........................................................... অফিসার, সেনবাগ, নোয়াখালী
৯। চেয়ারম্যান, ছাতারপাইয়া/কেশারপাড়/ডমুরুয়া/কাদরা/কাবিলপুর/অর্জুনতলা/ মোহাম্মদপুর/বিজবাগ/ নবীপুর ইউনিয়ন পরিষদ, সেনবাগ, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১০। সম্পাদক, দৈনিক.................................। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ১ (এক) দিন বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ছাতারপাইয়া/কেশারপাড়/গাজীরহাট/সেনবাগ পৌর/কল্যান্দী/ফকিরহাট/কুতুবেরহাট ইউনিয়ন ভূমি অফিস, সেনবাগ, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
১২। জনাব ..........................................................................................................
১৩। অফিস কপি/নোটিশ বোর্ড

১৬/০১/২০২৪

মোহাম্মদ জাহিদুল ইসলাম
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলহাল ব্যবস্থাপনা কমিটি
সেনবাগ, নোয়াখালী